

(বাংলায় অনুদিত)

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নং-১৩

তারিখঃ ১২ মার্চ, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে

নিয়োজিত সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়,

**বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক তাদের বিদেশী নিয়ন্ত্রক কোম্পানী/শেয়ারহোল্ডার থেকে স্বল্প মেয়াদী সুদবিহীন ঋণ গ্রহণ প্রসঙ্গে।**

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স (GFET, 2009 সংস্করণ) এর অধ্যায় ১৫, অনুচ্ছেদ ১ মোতাবেক বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে ইস্যুকৃত নির্দেশনা পরিপালন সাপেক্ষে বাংলাদেশের প্রাইভেট খাতের শিল্প প্রতিষ্ঠান স্বল্প মেয়াদী (এক বছর মেয়াদ পর্যন্ত) বৈদেশিক ঋণ গ্রহণ করতে পারে। উল্লিখিত নির্দেশনায় উৎপাদন উপকরণ সংগ্রহের জন্য বায়ার্স ক্রেডিট/সাপ্লায়ার্স ক্রেডিট এর আওতায় বৈদেশিক ঋণ গ্রহণ স্বীকৃত।

বাংলাদেশে বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন উপকরণ সংগ্রহ ব্যতীত ব্যবসায়িক প্রয়োজনে কখনও কখনও জরুরী স্বল্প মেয়াদী ঋণের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। স্থানীয় বাজার হতে চলতি মূলধন অর্থায়ন এখনও গ্রহণ করেনি এরূপ বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত শিল্প প্রতিষ্ঠানের উক্ত সমস্যা নিরসনকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত প্রতিষ্ঠান তাদের বিদেশী নিয়ন্ত্রক কোম্পানী/শেয়ারহোল্ডার হতে এক বছর পর্যন্ত সুদবিহীন ঋণ বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়াই গ্রহণ করতে পারবে; তবে এরূপ ঋণ গ্রহণের এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ে ঘটনোত্তর রিপোর্ট করতে হবে। উক্ত ঋণ পরিশোধের ক্ষেত্রেও অনুরূপভাবে পূর্বানুমোদন গ্রহণের প্রয়োজন হবে না তবে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ে তা রিপোর্ট করতে হবে।

অনুগ্রহপূর্বক উল্লিখিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(জগন্নাথ চন্দ্র ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯২